# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

## জেলা-চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
Email- chuadangapourasava@lgd.gov.bd

**পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ২১তম সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা।
স্থান : পৌরসভা মিলনায়তন
তারিখ : ১৭-০৬-২০২৬ খ্রিঃ
সময় : সকাল : ১১.০০ ঘটিকা
সম্মানিত সদস্যদের উপস্থিতির ও স্বাক্ষর- মাসিক সভার হাজিরা রেজিষ্টারে সংরক্ষিত।

| ক্রমিক নং | সভায় উপস্থিত সদস্য গণের নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | জনাব ডা ঃ হাদি জিয়াউদ্দিন আহাম্মেদ, সিভিল সার্জন, চুয়াডাঙ্গা। | উপস্থিতির স্বাক্ষর হাজিরা রেজিষ্টার খাতায় সংরক্ষিত |
| ০২ | জনাব মো ঃ শাহিনুর ইসলাম, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা। | |
| ০৩ | জনাব মো ঃ জাহাঙ্গীর আলম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চুয়াডাঙ্গা। | |
| ০৪ | জনাব মো ঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা। | |
| ০৫ | জনাব মোছা ঃ জেসমিন আরা খাতুন, জেলা শিক্ষা অফিসার (ভার), চুয়াডাঙ্গা। | |
| ০৬ | জনাব মো ঃ তাজুল ইসলাম, উপপরিচালক(অতিরিক্ত দায়িত্ব), মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা। | |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন, সভায় উপস্থিত সকলের সাথে কুশলাদি বিনিময় করেন। অতপর পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলোঃ

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ-** সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তিথি মিত্র বিগত ইং ১২-০৫-২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনাঃ-** ট্রেড লাইসেন্স আদায় নিয়ে আলোচনাকালে সভায় উপস্থিত লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশ বলেন লাইসেন্স এর কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরো জনান মহোদয়ের নির্দেশনা মোতাবেক স্বর্ণ পট্টিতে ব্যবসায়ীদের নামে লাইসেন্স হালনাগাদ করার জন্য নোটিশ প্রদান করা হয়েছে। মে/২০২৬ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ৫৫ টি এবং আয় হয়েছে ৪,০৩৮৮/-টাকা। এছাড়াও তিনি আরো জানার এ পর্যন্ত ১০৩ জন গ্রাহক ট্রেড লাইসেন্স বন্ধের জন্য আবেদন করেছেন। লাইসেন্স পরিদর্শক আরো বলেন স্বর্ণ পট্টিতে নির্বাহী ম্যাজিস্ট্রেট দ্বারা অভিযান পরিচালনা করা হয়েছিল। অভিযান পরিচালনায় ০২ জন গ্রাহককে জরিমানা করা হয় এবং তাদের কে মৌখিক ভাবে ট্রেড লাইসেন্স করার জন্য নির্দেশনা দেওয়া হয় কিন্তু আজ পর্যন্ত লাইসেন্স গ্রহন করেন নাই। লইসেন্স পরিদর্শক আরো বলেন- জরিমানা করাসহ তাৎক্ষণিক লাইসেন্স গ্রহন করার প্রস্তাব করেন। প্রশাসক মহোদয় বলেন আমাদের যেহেতু প্রধান নির্বাহী কর্মকর্তা আছে এখন থেকে তিনিই মোবাইল কোর্ট পরিচালনা করতে পারবে। বকেয়া আদায়ের বিষয়ে আলোচনা করা হয়। দীর্ঘ মেয়াদী লাইসেন্স বকেয়ার তালিকা প্রস্তুত করার বিষয়ে প্রশাসক মহোদয় নির্দেশনা প্রদান করেন। | (১) বকেয়া ট্রেড লাইসেন্স আদায়ে আরো সচেষ্ট হওয়াসহ অভিযান অব্যহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) প্রতি মাসে নতুন লাইসেন্সের তালিকা সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(৩) পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা পৌরস্বার্থে প্রয়োজন মাফিক মোবাইল কোর্ট পরিচালনা করতে পারবেন। | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনাঃ-** (ক) সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান জানান RUTDP প্রকল্পের কাজ ইতোমধ্যে ৩০% সম্পন্ন হয়েছে এবং কাজের মান সন্তোষজনক। প্রকল্পের কাজের অগ্রগতি কম হওয়ায় সভাতে অসন্তোষ প্রকাশ করা হয়। কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে তাগিদ দেয়ার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। এবং RUTDP প্রকল্পের ভবিষ্যৎ তালিকা অগ্রাধিকার ভিত্তিতে ওয়ার্ড ভিত্তিক তালিকা করার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। | (ক) প্রকল্পের কাজের অগ্রগতি কম হওয়ায় সভাতে অসন্তোষ প্রকাশ করাসহ কাজের অগ্রগতি বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে দ্রুত কাজ করার তাগিদ দেয়ারসহ RUTDP প্রকল্পের ভবিষ্যৎ তালিকা অগ্রাধিকার ভিত্তিতে ওয়ার্ড ভিত্তিক করার জন্য প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। | প্রকৌশল বিভাগ |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | (খ) পৌরসভার উন্নয়ন বিষয়ে আলোচনা কালে নির্বাহী প্রকৌশলী জনাব মো ঃ শাহিনুর ইসলাম, গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা প্রস্তাব করেন যে, হাসপাতালের ড্রেনের পানি প্রবাহ এবং পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হলে পৌরসভাকে অবশ্যই হাসপাতালের ড্রেনের সাথে সামঞ্জস্য রেখে ভবিষ্যতে ড্রেন নির্মাণ করতে হবে। তা না হলে হাসপাতালের ড্রেনের পানি বের হওয়ার কোন উপায় নাই।<br><br>(গ) পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান মে- ২০২৬ মাসে নক্সা অনুমোদন করার জন্য ০৯ টি আবেদন জমা পড়েছে। এপ্রিল- ২০২৬ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ১,৮৬,৮৬৫/-টাকা।<br>পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন মে' ২০২৬ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে ১৮টি এবং আয় হয়েছে ৫৪,০০০/-টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক বলেন যে, পৌর কর্তৃপক্ষের অনুমোদন বা প্ল্যান বহির্ভূত ভাবে অনেক স্থাপনা এবং ভবন নির্মিত হচ্ছে যা আইনত দন্ডনীয় অপরাধ। এছাড়াও এ ধরণের কাজের ফলে জনভোগান্তি তৈরী হচ্ছে এবং অনেক অভিযোগ কার্যালয়ে দাখিল হচ্ছে। পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে কোন স্থাপনা বা ভবন নির্মাণের পূর্বেই অবশ্যই পৌর কর্তৃপক্ষের সার্ভে সেকশনের মাধ্যমে পরিমাপ পূর্বক ভবন বা স্থাপনা নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয় এবং একইসাথে পৌরসভা থেকে অনুমোদিত বাড়ির প্ল্যানের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে পৌরসভার নক্সাকার ও সার্ভেয়ারের উপস্থিতিতে লে-আউট দিতে হবে।<br>(ঘ) বিদ্যুৎ শাখা: সভায় উপস্থিত সড়কবাতি পরিদর্শক জনাব মোঃ আনিছুর রহমান বলেন মে/২০২৬ মাসে পৌরসভার ০৯টি ওয়ার্ডে সর্বমোট ২৩২ এলইডি বাল্ব স্থাপন করা হয়েছে। চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে স্থাপিত ৯৫% সড়কবাতি সচল আছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পোলের সড়কবাতি গুলি সচল রাখার জন্য সড়কবাতি পরিদর্শককে নির্দেশনা দেন। | (খ) হাসপাতালের ড্রেনের পানি প্রবাহ এবং পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হাসপাতালের ড্রেনের সাথে সামঞ্জস্য রেখে ভবিষ্যতে পৌরসভার ড্রেন নির্মাণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে কোন স্থাপনা বা ভবন নির্মাণের পূর্বে অবশ্যই পৌর কর্তৃপক্ষের সার্ভে সেকশনের মাধ্যমে পরিমাপ পূর্বক ভবন বা স্থাপনা নির্মাণ করা হচ্ছে কিনা তা যাচাইয়ের জন্য নক্সাকার/সার্ভেয়ারকে নির্দেশনা প্রদান করাসহ পৌরসভা থেকে অনুমোদিত বাড়ির প্ল্যানের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে পৌরসভার নক্সাকার ও সার্ভেয়ারের উপস্থিতিতে লে-আউট দিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) পোলের সেড পাওয়া মাত্রই বিভিন্ন স্থানে রোড লাইট স্থাপন করা চলমান থাকবে। সড়কবাতি গুলি সচল থাকায় পৌরসভার বিদ্যুৎ শাখাকে ধন্যবাদ জানানো হয়। | প্রকৌশল বিভাগ/নক্সাকার/সার্ভেয়ার<br><br>উপ সহকারী প্রকৌশলী/বিদ্যুৎ সুপারভাইজার |
| ০৪ | **পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনা:-**<br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার মে, ২৬ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব মো ঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, মে/২৬ মাসে পানি শাখার গত মাসের জের ১৫,৬৬,২৭৭/- টাকা এবং চলতি আয় ২০,১২,০২৯/- টাকা। সর্বমোট আয় হয়েছে ৩৫,৭৮,৩০৭/- টাকা ও চলতি মাসে ব্যয় হয়েছে ২১,৭০,২৩৫/-টাকা উদ্বৃত্ত জের ১৪,৭০,২৩৫/- টাকা এবং রাজস্ব খাতের গত মাসের জের ১,৭২,০৭,০৮৪/-টাকা এবং চলতি মাসের আয় ২৮,২৪,১৪৮/-টাকা, সর্বমোট আয় ২,০০৩১,২৩২/- টাকা ও চলতি মাসে রাজস্ব খাতের মোট ব্যয় ১,০৭,৯৯,৫৪০/-টাকা উদ্বৃত্ত জের ৯২,৩১,৬৯২/-টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা ও আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ০৫ | **পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:-**<br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার চলতি অর্থ বছরের পৌরকরের দাবী ও আদায়ের বিষয়ে জানতে চাইলে অত্র পৌরসভার এ্যাসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম জানান যে, মোট দাবী ৮,৪৭,২৯,৫১৮/-টাকা এবং মে/২৬ মাসে বকেয়া আদায় ৩,৫৩,৬৭৭/- টাকা এবং হাল আদায় হয়েছে ২,৩৫,৭৮৬/- টাকা সর্বমোট আদায় হয়েছে ৫,৮৯,৪৬৩/-টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পৌরকর আদায়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হওয়ার জন্য নির্দেশনা দেন। | বকেয়া পৌরকর আদায়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ায় সিদ্ধান্ত গৃহীত হয় | এসেসর/কর শাখা |
| ০৬ | **হাট-বাজার সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত ঃ**<br>পৌরসভা নিয়ন্ত্রণাধীন হাট-বাজার নিয়ে আলোচনাকালে অত্র পৌরসভার ভারপ্রাপ্ত প্রধান সহকারী মো ঃ সালেহ আহাম্মেদ জানান যে, পৌরসভা নিয়ন্ত্রণাধীন (ক) পশু জবাইয়ের ফিস আদায় (খ) আন্তজেলা বাস টার্মিনাল র‍্যাম (গ) পুরাতন সাইকেল ক্রয়-বিক্রয় হাট (সাপ্তাহিক) বাংলা সনে ইজারা না দিয়ে ইংরেজী অর্থ বছরে ইজারা প্রদান করা হয়ে থাকে। হাট-বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা,২০২৫ দ্বিতীয় অধ্যায়ের ৪ এর ১ নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলা সনে ইজারা দেওয়া | (১) (ক) পশু জবাইয়ের ফিস আদায় (খ) আন্তজেলা বাস টার্মিনাল র‍্যাম (গ) পুরাতন সাইকেল ক্রয়-বিক্রয় হাট (সাপ্তাহিক)আগামী বাংলা ৩০ চৈত্র ১৪৩৩ পর্যন্ত খাস কালেকশন অব্যাহত (ভ্যাট ও | সেনেটারী ইন্সপেক্টর/প্রধান সহকারী |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | আবশ্যক। কিন্তু বিগত কয়েক বছর ধরে বাংলা সনে ইজারা না দিয়ে ইংরেজী সনে ইজারা প্রদান করা হয়। ইংরেজী সনে ইজারা দেয়ার কারনে হাট-বাজার ইজারা সংক্রান্ত তথ্য সঠিক ভাবে প্রেরণ করা সম্ভব হয় না। তাছাড়াও ইজারা বিজ্ঞপ্তি প্রদানে প্রতি বছর অতিরিক্ত অর্থ ব্যয় করতে হয়। ইজারা বিজ্ঞপ্তি একই সাথে দিলে অতিরিক্ত অর্থের অপচয় হবে না। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সে মোতাবেক হাট বাংলা সনে পৌরসভার সকল হাট-বাজারসহ অন্যান্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | আয়করসহ) রাখাসহ আগামীতে বাংলা বছর অনুযায়ী ইজারা কার্যক্রম সম্পন্ন করনের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৭ | **স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সম্পর্কে আলোচনা:-**<br>সভায় উপস্থিত জনাব ডাঃ হাদি জিয়াউদ্দিন আহাম্মেদ, সিভিল সার্জন, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান সভায় জানান মে,২৬ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ৬৫ টি তন্মধ্যে পুরুষ ৩৯ জন ও নারী ২৬ জন এবং এক বছরের নীচে ৩২টি। ৪৫ দিনের মধ্যে শিশু নিবন্ধন ০৪ টি। মৃত্যু নিবন্ধন হয়েছে ২০টি তন্মধ্যে পুরুষ ০৯ জন ও নারী ১১ জন। জন্ম নিবন্ধনে User ID থেকে ৯,৩৫০/-টাকা এবং বিবিধ রশিদের মাধ্যমে ৫৩,৫৫০/-টাকা আয় হয়েছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন। | জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য আরো দায়িত্বশীল হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়। | সেনেটারী ইন্সপেক্টর/টিকাদান সুপারভাইজার |
| ০৮ | **ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা ও পরিবেশ সম্পর্কিত আলোচনা:-**<br>সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন স্যানিটেশন কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) মে-২০২৬ ইং মাসে গরু জবেহ করা হয় ২৭৬ টি, ছাগল ৯০২ টি। এছাড়াও তিনি পৌর এলাকায় পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিনামার বিষয়ে সভায় আলোচনা করেন। | পরিবেশগত ছাড়পত্রের জন্য অনাপত্তিনামা প্রদানের বিষয়ে পরিবেশগত সুরক্ষা ও বর্জ্য ব্যবস্থাপনা, পার্কিং ব্যবস্থা, অগ্নিনির্বাপক ব্যাবস্থা সংক্রান্ত (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিবেদন গ্রহন সাপেক্ষে অনাপত্তিনামা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেনেটারী ইন্সপেক্টর |
| ০৯ | **ক) টিকাদান কর্মসূচী সম্পর্কে আলোচনা:-**<br>ক) সভায় টিকাদান কর্মসূচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন মে/২০২৬ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরণ ঃ-বিসিজি-১৩৮ টি, পেন্টা-১ =১৪৯ টি, পেন্টা-২ = ১৭১টি, পেন্টা-৩= ১৮০টি, পোলিও-১= ১৪৯ টি, পোলিও-২= ১৭১ টি, পোলিও-৩= ১৮০টি, পিসিভি-১= ১৪৯টি, পিসিভি-২= ১৭১টি, পিসিভি-৩= ১৮০টি, এম আর-১= ৬টি, এম আর-২= ২টি, আইপিভি-১= ১৪৯টি, আইপিভি-২= ১৮০ টি, টিডি-১= ৭২টি, টিডি-২= ৮৯ টি, টিডি-৩= ৭১টি, টিডি-৪= ৬২ টি, টিডি-৫= ৯৯ টি প্রদান করেন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার জন্য টিকাদান সুপাইভাইজার জনাব মোঃ আলী হোসেনকে নির্দেশনা দেন। | টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | টিকাদান সুপারভাইজার |
| | **খ) ময়লা-আবর্জনা, পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা:**<br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার শহরের পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মো ঃ জুবায়ের রহমানের নিকট জানতে চান। প্রশাসক মহোদয়ের প্রশ্নের জবাবে কঞ্জারভেন্সী পরিদর্শক জনাব মোঃ জুবায়ের রহমান জানান শহরে পরিষ্কার পরিচ্ছন্ন কাজ চলমান আছে। কোন অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিক সমাধানের চেষ্টা করা হয়। এ ছাড়াও ডেঙ্গুসহ অন্যান্য মশাবাহিত রোগের প্রার্দুভাব রোধ করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতি শনিবার সংশ্লিষ্ট সকল অংশীজনদের নিয়ে বিশেষ পরিষ্কার পরিচ্ছন্ন কর্মসূচী চলমান আছে। | (১) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতি শনিবার সংশ্লিষ্ট সকল অংশীজনদের নিয়ে বিশেষ পরিষ্কার পরিচ্ছন্ন কর্মসূচী চলমান রাখাসহ দৈনন্দিন পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম চলমান আছে। | কঞ্জারভেন্সী পরিদর্শক |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১০ | <u>পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা:</u><br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান দায়িত্ব প্রাপ্ত (পানি সরবরাহ শাখা) শাখা নিম্ন আকারে মে/২৬ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১০ টা, পুনঃ সংযোগ ০০ টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০১ টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-০২ টা (খেলাপি গ্রাহক), ২০২৫-২০২৬ অর্থ বছরে জুন/২৬ পর্যন্ত মোট দাবী = ২,৯৯,৫৯,৬০০/-টাকা। মে-২০২৬ ইং পর্যন্ত মোট আদায় হয়েছে =২,৪৭,৩৫,১৩৮/-টাকা, বকেয়া দাবী=৫২,৩০,২২৩/-টাকা, মে-২০২৬ মাসে বকেয়া সহ আদায় = ১৬,৮৪,২২৩/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৪,৫৬৩ টা, মোট পানির গ্রাহক সংখ্যা ৮,০১৯ (কর্তন ১২২৭) মোট= ৮,৬১২ টি। মোট মটর গ্রাহক সংখ্যা ৯৬৯ টি। উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান আরো বলেন, সরকার বিদ্যুতের দাম বৃদ্ধি করার কারণে পানি সরবরাহ পাম্পের বিদ্যুৎ বিল পরিশোধ করা সম্ভব হবে না। সে কারণে পানির রেট বৃদ্ধির প্রস্তাব করেন। পানির বকেয়া বিল আদায় সন্তোষজনক না হওয়ায় পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পানির বিল আদায়ের জন্য সংশ্লিষ্ট শাখাকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেন। | (১) পানি শাখার আয় বৃদ্ধির জন্য কর্মরত সবাইকে বকেয়া বিল আদায়ের জন্য লাইন কর্তনের কাজ চলমান রাখা এবং আরো দায়িত্বশীল হওয়া জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br><br>(২) বকেয়া বিলের কত টাকা আদায় হয়েছে আগামী সভাতে উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়।<br>(৩) আগামী টিএলসিসি সভাতে তথ্য-উপাত্তসহ পানির বিল বৃদ্ধির প্রস্তাব উপস্থাপন করার জন্য উপ-সহকারী প্রকৌশলী নির্দেশনা প্রদান করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী/বিলক্লার্ক |
| ১১ | <u>বিবিধ</u>-(১) শহরের গুরুত্বপুর্ণ সড়কের সামনে যে সকল স্থাপনা আছে সে সকল স্থাপনার সামনের জায়গাতে ইচ্ছামত ঢালাই দিয়ে বা ড্রেনের উপর স্থায়ী ভাবে ঢালাই দিয়ে জনদুর্ভোগ সৃষ্টি করাসহ ড্রেন পরিষ্কার পরিচ্ছন্ন করা যাচ্ছে না। কেয়ার এ্যান্ড কিওর তাদের প্রতিষ্ঠানের সামনে পৌরসভার ড্রেনের উপর ঢালাই দিয়েছে। ঢালাই এর কাজ করার কারনে ড্রেন পরিষ্কার পরিচ্ছন্ন করা যাবে না। সভায় এ বিষয়ে আলোচনা পূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) শহরের গুরুত্বপুর্ণ সড়কের সামনে যে সকল স্থাপনা আছে সে সকল স্থাপনার সামনের জায়গাতে ইচ্ছামত ঢালাই দিয়ে বা ড্রেনের উপর স্থায়ী ভাবে ঢালাই দিয়ে জনদুর্ভোগ সৃষ্টি করছে তাদের তালিকা করে উচ্ছেদ নোটিশ করার জন্য অত্র পৌরসভার নক্সাকারকে নির্দেশনা প্রদান করা হয়। | উপ সহকারী প্রকৌশলী/নক্সাকার |
| | বিবিধ-(২) পৌরসভার উপ সহকারী প্রকৌশলী জানান পৌরসভাতে বর্তমানে নির্বাহী ও সহকারী প্রকৌশলী না থাকারনে সরকারী উন্নয়ন সহায়তা তহবিলের দরপত্র মূল্যায়ন কমিটি নতুন ভাবে গঠন করা জরুরী। সভায় এ বিষয়ে আলোচনা করা হয়। | (২) দাপ্তরিক কাজের স্বার্থে অত্র পৌরসভার উপ সহকারী প্রকৌশলী জনাব মো ঃ আনিছুজ্জামানকে নিজ দায়িত্বের পাশাপাশি ভারপ্রাপ্ত সহকারী প্রকৌশলীর দায়িত্ব পালন পূর্বক সরকারী উন্নয়ন সহায়তা তহবিলের দরপত্র মূল্যায়ন কমিটির আহব্বায়ক এর দায়িত্ব পালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ সহকারী প্রকৌশলী/নক্সাকার |
| | বিবিধ-(৩) পৌরসভার হাট-বাজারসহ অন্যান্য মামলা পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনায় পৌরসভার হাট-বাজারসহ অন্যান্য মামলা পরিচালনা করার জন্য অত্র পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাশেমকে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | (৩) পৌরসভার হাট-বাজারসহ অন্যান্য মামলা পরিচালনা জবানবন্দী, স্বাক্ষীসহ প্রয়োজনীয় (মামলা সংক্রান্ত) দাপ্তরিক কার্যাদি সম্পাদনের জন্য অত্র পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাশেমকে পৌরসভার পক্ষে দায়িত্ব প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | বিবিধ-(৪) পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। আলোচনাকালে সভাকে জানানো হয় পৌরসভার কর্মকর্তা-কর্মচারীদের জন্য ২,০০০০০/-(দুই লক্ষ) টাকা বাজেট বরাদ্দ আছে। সভায় এ বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে আগামী ইং ২২ ও ২৩ জুন,২০২৬ তারিখ দুই (০২) দিন পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | (৪) আগামী ইং ২২ ও ২৩ জুন,২০২৬ তারিখ দুই (০২) দিন পৌরসভার সকল কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সমাজ উন্নয়ন কর্মকর্তা |

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২১/০৬/২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৬/৫১৪/১(১৫)　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　তারিখ: ২১-০৬-২৬ খ্রি.

- সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

০৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

০৪। প্রকল্প পরিচালক IUGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।

০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

৬-১৩। জনাব.............................................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

১৪। বিভাগীয়/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

১৫। অফিস কপি, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা।

২১/০৬/২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা